চট্টগ্রাম বুধবার ১৪ মে ২০২৫

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৪০তম বর্ষ ৮৩তম সংখ্যা । । ৩১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ । । ১৫ জিলকদ ১৪৪৬ হিজরি । । Wednesday 14 May 2025 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

# প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগের ওরিয়েন্টেশন



*বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির*

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ব্যবসায় প্রশাসন বিভাগের বিবিএ ৪৯তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। গত ১২ মে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন, ব্যবসায় প্রশাসন বিভাগের অধ্যাপক অমল ভূষণ নাগ। ব্যবসায় শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে ওরিয়েন্টেশন স্পিকার ছিলেন, আবুল খায়ের গ্রুপের জেনারেল ম্যানেজার এ. এন. এম. ওয়াজেদ আলী। উপস্থিত ছিলেন আবুল খায়ের গ্রুপের সিনিয়র অফিসার আইভান আহমেদ। উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীদের সামাজিক ও মানবিক হওয়ার পরামর্শ দিয়ে বলেন, শিক্ষার্থীদের ইতিবাচক হতে হবে। তাদের সর্বদা মনে রাখতে হবে, তারা সবকিছু পারবে। তাহলে তারা ব্যক্তিগত ও পেশাগত জীবনে সফল হবে। ওরিয়েন্টেশন স্পিকার এ. এন. এম. ওয়াজেদ আলী তাঁর ব্যবসায়িক অভিজ্ঞতার আলোকে শিক্ষার্থীদের তত্ত্বীয় জ্ঞানের পাশাপাশি ক্যারিয়ার গঠনের বিষয়ে কথা বলেন। ক্যারিয়ার গঠনের জন্য তিনি গুরুত্বপূর্ণ বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন। আইভান আহমেদও ক্যারিয়ার বিষয়ে বক্তব্য রাখেন।সভাপতির বক্তব্যে প্রফেসর এম. মঈনুল হক শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যত কামনা করেন। প্রভাষক নাঈমা নাজনিন চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ, সহকারী প্রক্টর ড. তাসনিম উদ্দিন চৌধুরী ও মোহাম্মদ রকিবুল হোসেন উপস্থিত ছিলেন।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 14 May 2025, Page: 4, Col: 4

https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2025-05-14

আজ বুধবার
চট্টগ্রাম
১৪ মে ২০২৫
৩১ বৈশাখ ১৪৩২
১৫ জিলকদ ১৪৪৬
বর্ষ-১৩, সংখ্যা-১৪২
৮ পৃষ্ঠা, ৭ টাকা

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
www.dailypurbodesh.com



চট্টগ্রাম নগরীর জলাবদ্ধতা সম্পূর্ণভাবেই মানবসৃষ্ট ৮
বিশ্ববিদ্যালয় হোক জ্ঞানচর্চা ও গবেষণার পীঠস্থান ৩
আধুনিক জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণে সচেতনতা বৃদ্ধি ৪
কান ফেস্টিভ্যালে বাংলাদেশের প্রতিনিধিত্ব করছেন বর্ষা ৬




প্রিমিয়ার ইউনিভার্সিটির ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির

# প্রিমিয়ার ইউনিভার্সিটি ব্যবসায় প্রশাসন বিভাগে ওরিয়েন্টেশন

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ব্যবসায় প্রশাসন বিভাগের বিবিএ ৪৯তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ১২ মে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির, বিশেষ অতিথি ছিলেন ব্যবসায় প্রশাসন বিভাগের অধ্যাপক অমল ভূষণ নাগ। ব্যবসায় শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে ওরিয়েন্টেশন স্পিকার ছিলেন আবুল খায়ের গ্রুপের জেনারেল ম্যানেজার এ. এন. এম. ওয়াজেদ আলী। উপস্থিত ছিলেন আবুল খায়ের গ্রুপের সিনিয়র অফিসার আইভান আহমেদ। উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির ক্যাম্পাস শুধুমাত্র পড়াশুনার জন্য। এখানে চমৎকার একাডেমিক পরিবেশ বিদ্যমান। এই ইউনিভার্সিটির শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ শিক্ষার্থীদের সহায়ক। তারা একাডেমিক (কারিকুলার ও কো-কারিকুলার) কার্যক্রমের জন্য নিবেদিত। তিনি শিক্ষার্থীদের সামাজিক ও মানবিক হওয়ার পরামর্শ দিয়ে বলেন, শিক্ষার্থীদের ইতিবাচক হতে হবে। তাদের সর্বদা মনে রাখতে হবে, তারা সবকিছু পারবে। তাহলে তারা ব্যক্তিগত ও পেশাগত জীবনে সফল হবে। আইভান আহমেদও ক্যারিয়ার বিষয়ে বক্তব্য রাখেন। প্রভাষক নাঈমা নাজনিন চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ, সহকারী প্রক্টর ড. তাসনিম উদ্দিন চৌধুরী ও মোহাম্মদ রকিবুল হোসেন উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 14 May 2025, Page: 2, Col: 7
https://epurbodesh.com/index.php?page=1&date=2025-05-14

চট্টগ্রাম • বুধবার • ১৪ মে ২০২৫ • ৩১ বৈশাখ ১৪৩২ • ১৫ জিলকদ ১৪৪৬ ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২১ সংখ্যা ২৪৪

২১ বছরে সুপ্রভাত

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ চট্টগ্রাম বন্দরে প্রাইম মুভার শ্রমিকদের বারবার ধর্মঘট কেন

৪ উদ্যোক্তার পাশাপাশি মানবিক মানুষ হতে হবে

৬ বাংলাদেশ-পাকিস্তান সিরিজ ২৭ মে শুরু!



**নগরে মুক্তাঙ্গন রাখার দাবি যৌক্তিক**

একটি আধুনিক নগরে অন্তত এক চতুর্থাংশ মুক্তাঙ্গন রাখা জরুরি। সবুজ গাছপালা, জলাশয় এবং খোলা জায়গা পরিবেশকে দূষণমুক্ত রাখবে সে সঙ্গে নাগরিকদের স্বাস্থ্যরক্ষায় অবদান রাখবে।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২




প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগে ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির

# উদ্যোক্তার পাশাপাশি মানবিক মানুষ হতে হবে

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ব্যবসায় প্রশাসন বিভাগের বিবিএ ৪৯তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ১২ মে সকাল ১০টায় অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির।

বিশেষ অতিথি ছিলেন ব্যবসায় প্রশাসন বিভাগের অধ্যাপক অমল ভূষণ নাগ। ব্যবসায় শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে ওরিয়েন্টেশন স্পিকার ছিলেন আবুল খায়ের গ্রুপের জেনারেল ম্যানেজার এ এন এম ওয়াজেদ আলী।

এতে উপস্থিত ছিলেন আবুল খায়ের গ্রুপের সিনিয়র অফিসার জনাব আইভান আহমেদ। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির ক্যাম্পাস শুধুমাত্র পড়াশুনার জন্য। এখানে চমৎকার একাডেমিক পরিবেশ বিদ্যমান। এই ইউনিভার্সিটির শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ শিক্ষার্থীদের সহায়ক। তারা একাডেমিক (কারিকুলার ও কো-কারিকুলার) কার্যক্রমের জন্য নিবেদিত। তিনি শিক্ষার্থীদের সামাজিক ও মানবিক হওয়ার পরামর্শ দিয়ে বলেন, শিক্ষার্থীদের ইতিবাচক হতে হবে। তাদের সর্বদা মনে রাখতে হবে, তারা সবকিছু পারবে। তাহলে তারা ব্যক্তিগত ও পেশাগত জীবনে সফল হবে। প্রধান অতিথি তাঁর বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটিকে চট্টগ্রাম তথা বাংলাদেশে অনন্য উচ্চতায় নিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

বিশেষ অতিথির বক্তব্যে অধ্যাপক অমল ভূষণ নাগ শিক্ষার্থীদের পড়াশুনায় মনোযোগী হওয়ার তাগিদ দিয়ে বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটিতে যে-ফ্যাসিলিটি রয়েছে, তাতে তোমরা ভালো ফল লাভ করবে বলে আমার বিশ্বাস। আমি চাই, তোমরা এই ইউনিভার্সিটি থেকে বেরিয়ে যাওয়ার পর চাকরিজীবী বা উদ্যোক্তা হওয়ার পাশাপাশি মানবিক মানুষ ও ভালো মানুষ হবে। ওরিয়েন্টেশন স্পিকার এ এন. এম. ওয়াজেদ আলী তাঁর ব্যবসায়িক অভিজ্ঞতার আলোকে শিক্ষার্থীদের তত্ত্বীয় জ্ঞানের পাশাপাশি ক্যারিয়ার গঠনের বিষয়ে কথা বলেন। ক্যারিয়ার গঠনের জন্য তিনি গুরুত্বপূর্ণ বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন।

জনাব আইভান আহমেদও ক্যারিয়ার বিষয়ে বক্তব্য রাখেন। সভাপতির বক্তব্যে প্রফেসর এম. মঈনুল হক শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যত কামনা করেন। প্রভাষক নাঈমা নাজনিন চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ, সহকারী প্রক্টর ড. তাসনিম উদ্দিন চৌধুরী ও মোহাম্মদ রকিবুল হোসেন উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 14 May 2025, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2025-05-14